

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এই মর্মে বর্ণনা যে, লোকজন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে আওয়াজ করে কিরা'আত পড়ছিলেন, এজন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে এমন কথা বলেছিলেন; এমন নয় যে, তাদের মাঝে শুধুমাত্র একজন ব্যক্তি কিরা'আত পাঠ করেছিলেন

ذكر البيان بأن القوم كانوا يقرؤون خَلْفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَ الصَّوْتِ حَيْثُ قَالَ لَهُمْ هَذَا الْقَوْلَ لَا أَنَّ رَجُلًا وَاحِدًا كَانَ هُوَ الَّذِي يَقْرَأُ وحده

আরবী

1847 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ يُونُسَ بْنِ أَبِي مَعْشَرِ شَيْخٌ بِكُفْرِ تُوتًا مِنْ دِيَارِ رَبِيعَة قَالَ: حَدَّثَنَا الْفِرْيَابِيُّ عَنِ الْأَوْزَاعِيّ قَالَ: حَدَّثَنَا الْفِرْيَابِيُّ عَنِ الْأَوْزَاعِيّ قَالَ: حَدَّثَنَا الْفِرْيَابِيُّ عَنِ الْأَوْزَاعِيّ قَالَ: حَدَّثَنَا النُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةً فَجَهَرَ فِيهَا فَقَرَأً أُنَاسٌ مَعَهُ فَلَمَّا سلَّم قَالَ: (قَرَأً مِنْكُمْ أَحَدُ)؟ قَالُوا: نَعَمْ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةً قَالَ: (إِنِّي لَأَقُولُ مَا لِي أُنَانِ عالْقُرْآنَ)؟ قَالَ: فَاتَّعَظَ المسلمون بذلك فلم يكونوا يقرؤون.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1847 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))، ((صحيح أبى داود)) (781).

বাংলা

১৮৪৭. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আমাদের নিয়ে এক সালাত আদায় করেন এবং তিনি তাতে কিরা'আত জােরে পড়েন। তার সাথে লােকজনও কিরা'আত পড়েন। অতঃপর যখন তিনি সালাম ফেরান, তখন বলেন, "তােমাদের কেউ কি কিরা'আত পাঠ করেছে?" তখন লােকজন বলেন, "হাাঁ, হে আ্ল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তাইতাে আমি বলি, কী ব্যাপার! আমার সাথে কুরআন নিয়ে টানাটানি



করা হচ্ছে!" অতঃপর লোকজন উপদেশ গ্রহণ করেন। তারপর তারা আর কিরা'আত পড়তেন না (জোরে পড়তেন না)।"[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুরাহ: ৬০৭; মুরাত্তা ইমাম মালিক: ১/৮৬-৮৭; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১৩৯; ইমাম বুখারী, আল কিরা'আত খলফাল ইমাম: ৯৬; আবূ দাউদ: ৮২৬; তিরমিযী: ৩১২; সুনান বাইহাকী: ২/১৫৮; বাইহাকী, আল কিরা'আত খলফাল ইমাম: ৩১৭; মুসানাফ আব্দুর রাযযাক: ২৭৯৫; মুসনাদ আহমাদ: ২/২৮৪; ইবনু মাজাহ: ৮৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন